



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়, অর্থ মন্ত্রণালয় ও সোনালী ব্যাংক এর মধ্যে ত্রি-পক্ষীয় গৃহনির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ ফেব্রুয়ারি ২০২১।

অদ্য ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখ পাবলিক বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে ৪.০% সুদে গৃহনির্মাণ ঋণ নীতিমালা-২০১৯ এর আওতায় গৃহনির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত বিষয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়সহ ৪ টি বিশ্ববিদ্যালয়ের সাথে বাংলাদেশ সচিবালয়ে অর্থ মন্ত্রণালয় (অর্থবিভাগ) এর সভাকক্ষে মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় ও সোনালী ব্যাংক এর মধ্যে একটি ত্রি-পক্ষীয় সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন রেজিস্ট্রার প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দিন, অর্থ মন্ত্রণালয়ের পক্ষে অতিরিক্ত সচিব মোঃ এখলাছুর রহমান এবং সোনালী ব্যাংকের পক্ষে ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর মোঃ আফজাল করিম। এছাড়াও বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে সাক্ষী হিসাবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ খোরশেদ আলম, অর্থ মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিসহ অন্য বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির উদ্যোগ ও মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সার্বিক দিক নির্দেশনায় বরিশাল বিশ্ববিদ্যালয় পক্ষের পদক্ষেপগুলো দ্রুত সম্পন্ন করার ফলে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাথে আজ এ ত্রি-পক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হলো। সরকারি কর্মকর্তাদের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের এ সুযোগ দেওয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। চুক্তির আওতায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা চুক্তির শর্তপূরণ স্বাপেক্ষে স্বল্পসুদে গৃহনির্মাণ ঋণ গ্রহণ করতে পারবেন যা শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য একটি সুসংবাদ বটে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস